



ঢাকা কমার্স কলেজ



স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২

e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৩/০২/২০২৩

অফিস বিজ্ঞপ্তি

সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, জাতীয় বীমা দিবস ২০২৩ উপলক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নোক্ত শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উপর্যুক্ত বিষয়ের উপর ক গ্রুপের জন্য ১০০০ এবং খ গ্রুপের জন্য ১৫০০ শব্দের মধ্যে বাংলায় নিজ হস্তে লিখিত রচনা A4 সাইজের কাগজের এক পার্শ্বে লিখতে হবে (উভয় পৃষ্ঠায় নয়)। রচনা জমা দেয়ার সময় প্রত্যেক শিক্ষার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের কপি, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ পরিচয়পত্রের অনুলিপি দাখিল করতে হবে।

■ ক গ্রুপ- একাদশ ও দ্বাদশ শ্রেণি- “জাতির পিতা ও বীমা শিল্প”(১০০০ শব্দের মধ্যে)।

■ খ গ্রুপ- অনার্স ও মাস্টার্স/ সমমান- “রূপকল্প ২০৪১ এর সফল বাস্তবায়নে বীমা শিল্পের ভূমিকা”(১৫০০ শব্দের মধ্যে)।

আগ্রহী শিক্ষার্থীদেরকে আগামী ১৫/২/২০২৩ তারিখ বেলা ৩:০০টার মধ্যে কক্ষ নম্বর ৩১৬, ভবন নম্বর ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ ঠিকানায় রচনা সরাসরি বা ডাকযোগে কিংবা স্ক্যান করে ই-মেইলে (faridayasmin330@gmail.com) প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো রচনা গ্রহণ করা হবে না।

রচনা প্রতিযোগিতায় আলাদা আলাদাভাবে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারীগণকে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যথাক্রমে ৩০,০০০/- ও ২৫,০০০/- টাকা মূল্যমানের প্রাইজবন্ড, সনদ, ট্রেন্সট ও বই প্রদান করা হবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ